দৈনিক বাংলা

তারিখ 10 NOV 1991
পৃষ্ঠা 9 কলাম 2

১৪

# জাতীয়কৃত কলেজ শিক্ষকদের দাবী মানার আহ্বান

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের জাতীয় কমিটি ও কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা গত বৃহস্পতিবার ও শুক্রবার ঢাকার টিএন্ডটি কলেজে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোয়াজ্জেম হোসাইন খান। শিক্ষকদের সমস্যাবলী সমাধানের অগ্রগতি পর্যালোচনা করে সভায় বক্তব্য পেশ করেন মহাসচিব আলী আকবর খান ডলার। সভায় জাতীয়কৃত কলেজ শিক্ষকদের সমস্যাবলী সমাধানে কতৃপক্ষীয় দীর্ঘসুত্রিতায় ক্ষোভ প্রকাশ করা হয়। জাতীয়কৃত কলেজ শিক্ষকদের ইফেকটিভ সার্ভিস গণনা করে টাইম স্কেল প্রদান, নবগৃহীত কলেজের শিক্ষকদের ক্যাডারভূক্তি এবং পদোন্নতি তালিকায় অন্তর্ভূক্ত করে সংরক্ষিত ২০% পদসহ অবিলম্বে প্রভাষকদের পদোন্নতি দান, তৃতীয় শ্রেণী মাষ্টার্স ডিগ্রিধারী শিক্ষকদের ডিগ্রির মানোন্নয়নের শর্ত বাতিল, শিক্ষকদের অবসরপূর্ব ছুটি কোয়লিফাইং সার্ভিসের অন্তর্ভুক্তকরণসহ পরিষদের ১৪ দফা দাবী ৩১শে ডিসেম্বরের মধ্যে পূরণের জন্য সরকারের নিকট দাবী জানান হয়। শিক্ষকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে একটি জাতীয় ঐক্য ফোরাম গঠনের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়। খবরবিজ্ঞপ্তির।